



স্মারক নং-০৫.৪৩.০০০০.০০৫.১২.০২২.১৭.৬৭২

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন খাত হতে প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ড, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ হতে জনগণের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। জন্ম ও মৃত্যু নিবন্ধন হতে প্রাপ্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ পরিদর্শনকালে দেখা যাচ্ছে যে, জন্ম-মৃত্যু নিবন্ধন খাত হতে প্রাপ্ত অর্থ নির্দিষ্ট ব্যাংক একাউন্টে জমা রাখা হচ্ছে আবার কোন কোন প্রতিষ্ঠানের জন্ম-মৃত্যু নিবন্ধন খাত হতে প্রাপ্ত অর্থ রাজস্ব তহবিলে স্থানান্তর করা হচ্ছে। যা নীতিমালার ব্যত্যয় মর্মে প্রতীয়মান হয়।

০২। বর্ণিত অবস্থায়, জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ এর বিধি-২১ (৬) মোতাবেক প্রতিমাসের জন্ম-মৃত্যু নিবন্ধন ফি বাবদ আদায়কৃত অর্থ হাতে বা ব্যাংক একাউন্টে না রেখে সরকার কর্তৃক সৃষ্টিত '১-৩৭০৪-০০০১-১৮৪৯' নং কোডে চালানোর মাধ্যমে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে জমা প্রদান নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।

২। উপপরিচালক
স্থানীয় সরকার, নগরগাঁও.....(সকল)
রাজশাহী বিভাগ।

ড. চিত্রলেখা নাজনীন
উপপরিচালক

স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
ফোন: ০৭২১-৭৭৩২২৪

ই-মেইলঃ ddlgdivcomrajshahi@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী এর একান্ত সচিব (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ এর গোপনীয় সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১০৯.০১.০০৬.২০-৬৯৪

তারিখঃ ১২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১. মেয়র, নগরগাঁ পৌরসভা, নগরগাঁ।
২. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), নগরগাঁ।
৩. মেয়র, নজিপুর/ধামইরহাট, পৌরসভা, নগরগাঁ।
৪. চেয়ারম্যান,.....ইউপি (সকল), নগরগাঁ।

(গোলাম মোঃ শাহনেওয়াজ)
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, নগরগাঁ।

ফোন: ০৭৪১-৬২৫৩৮ (অফিস)

ই-মেইল: ddlgnaogoan@gmail.com